

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-২)-

৭৬৬

তারিখ : ১৬ শ্রাবণ ১৪৩০
৩১ জুলাই ২০২৩

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন বাজেট বরাদ্দ হতে ইউপি চেয়ারম্যানগণের বর্তমান বছরের সম্মানীভাতার ১ম কিস্তির অর্থ ছাড়করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চলতি ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় ইউপি চেয়ারম্যানগণের সম্মানী উপখাতে বরাদ্দকৃত ৪০,০০,০০,০০০.০০ (চল্লিশ কোটি) টাকা হতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের বর্তমান বছরের সম্মানীভাতার সরকারী অংশের ১ম কিস্তি বাবদ ১০,০০,০০,০০০.০০ (দশ কোটি) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ নিম্নে উল্লেখ করা হলো। প্রত্যেক জেলার জন্য মঞ্জুরীকৃত অর্থ উত্তোলনের মঞ্জুরীপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট জরুরী ভিত্তিতে প্রেরণপূর্বক অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ	ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ
১	ঢাকা	ঢাকা	১৫০০০০০	৩৩	রাজশাহী	রাজশাহী	১৬০০০০০
২		নারায়নগঞ্জ	১১০০০০০	৩৪		সিরাজগঞ্জ	২০০০০০০
৩		মুন্সিগঞ্জ	১৫০০০০০	৩৫		চাপাইনবাবগঞ্জ	১৫০০০০০
৪		মানিকগঞ্জ	১২০০০০০	৩৬		পাবনা	২০০০০০০
৫		নরসিংদী	১৫০০০০০	৩৭		নাটোর	১৫০০০০০
৬		গাজীপুর	১০০০০০০	৩৮		বগুড়া	১৫০০০০০
৭		কিশোরগঞ্জ	২০০০০০০	৩৯		জয়পুরহাট	১১০০০০০
৮		টাংগাইল	২২৫০০০০	৪০		নওগাঁ	২০০০০০০
৯		ফরিদপুর	১৫০০০০০	৪১		রংপুর	১৫০০০০০
১০		মাদারীপুর	১৫০০০০০	৪২		কুড়িগ্রাম	২০০০০০০
১১	রাজবাড়ী	১১৫০০০০	৪৩	পঞ্চগড়	১১০০০০০		
১২	শরীয়তপুর	১৫০০০০০	৪৪	দিনাজপুর	২০০০০০০		
১৩	গোপালগঞ্জ	১৫০০০০০	৪৫	লালমনিরহাট	১৫০০০০০		
১৪	ময়মনসিংহ	ময়মনসিংহ	২২৫০০০০	৪৬	গাইবান্ধা	২০০০০০০	
১৫		নেত্রকোনা	১৫০০০০০	৪৭	নীলফামারী	১৫০০০০০	
১৬		শেরপুর	৭৫০০০০০	৪৮	ঠাকুরগাঁও	১৫০০০০০	
১৭		জামালপুর	১১৫০০০০	৪৯	খুলনা	২০০০০০০	
১৮	চট্টগ্রাম	চট্টগ্রাম	২৭৫০০০০	৫০	যশোর	২০০০০০০	
১৯		ব্রাহ্মণবাড়িয়া	২০০০০০০	৫১	নড়াইল	১১৫০০০০	
২০		চাঁদপুর	১০০০০০০	৫২	মেহেরপুর	১১০০০০০	
২১		লক্ষীপুর	১৫০০০০০	৫৩	বাগেরহাট	১৫০০০০০	
২২		নোয়াখালী	২০০০০০০	৫৪	চুয়াডাঙ্গা	১০০০০০০	
২৩		ফেনী	১৫০০০০০	৫৫	মাগুরা	১০০০০০০	
২৪		কক্সবাজার	২০০০০০০	৫৬	কুষ্টিয়া	১১৫০০০০	

(অ:প:দ্র:)

ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ	ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ
২৫	চট্টগ্রাম	রাঙ্গামাটি	১৫০০০০০	৫৭	খুলনা	সাতক্ষীরা	১৫০০০০০
২৬		কুমিল্লা	৩২৫০০০০	৫৮		ঝিনাইদহ	১৫০০০০০
২৭		খাগড়াছড়ি	৭৫০০০০	৫৯	বরিশাল	বরিশাল	২০০০০০০
২৮		বান্দরবান	৯০০০০০	৬০		বরগুনা	১০০০০০০
২৯	সিলেট	সিলেট	২০০০০০০	৬১		পিরোজপুর	১৫০০০০০
৩০		হবিগঞ্জ	২০০০০০০	৬২		পটুয়াখালী	১৫০০০০০
৩১		মৌলভীবাজার	১৬০০০০০	৬৩	ঝালকাঠি	৭০০০০০	
৩২		সুনামগঞ্জ	২০০০০০০	৬৪	ভোলা	১৫০০০০০	

মোট = ১০,০০,০০,০০০.০০

(কথায়: দশ কোটি টাকা মাত্র)

- ২। জেলা প্রশাসকগণ তাঁদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ট্রেজারী হতে উত্তোলন করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে তাঁদের হিসাব অনুযায়ী অর্থ চেকের মাধ্যমে প্রদান করবেন। উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ সম্মানী বাবদ বরাদ্দকৃত অর্থ দ্বারা ইউপি চেয়ারম্যানদেরকে বকেয়াসহ বর্তমান বছরের সম্মানীভাতার সরকারী অংশ সরাসরি প্রদান করবেন;
- ৩। চলতি অর্থবছরের (২০২৩-২৪) অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১০১/১৪৭০০০০০০/৩৬৩১১০৩ পন্য ও সেবা বাবদ সহায়তা খাত হতে উপরোক্ত ব্যয় নির্বাহ হবে;
- ৪। এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- ৬। ছাড়কৃত অর্থ ব্যয়ে জেলা প্রশাসকের সংশ্লিষ্টতা থাকায় অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী জেলাওয়ারী বরাদ্দ Integrated Budget & Accounting System (iBAS++) এ সংশ্লিষ্ট জেলা কোড নম্বরে [ইউনিয়ন পরিষদ (১৩৭-১৩৭০১-১৪৭০০০০০০-জেলা কোড)] এন্ট্রি করা হয়েছে; এবং
- ৭। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০২৪ এর মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে (অর্থ বিভাগের ২২/০৮/২০২১ তারিখের ৩৩৩নং স্মারকে প্রাপ্ত কোড নং-১-৩৭০১-০০০১-২৬৭১)।



(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)

উপসচিব

ফোন : ৯৫১৪১৯০

lgup2@lqd.gov.bd

তারিখ : ১৬ শ্রাবণ ১৪৩০

৩১ জুলাই ২০২৩

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-২)- ৭৬৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ৪। উপসচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা-----জেলা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) -----জেলা।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। অফিস কপি।



(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)

উপসচিব